

রংপুরে প্রতিমন্ত্রী রাস্তা সন্তানদের শিক্ষিত করতে যা প্রয়োজন সরকার তাই করবে

রংপুর ব্যুরো

আমাদের সন্তানদের সুশিক্ষায় শিক্ষিত করতে যা যা প্রয়োজন সরকার তাই করবে। শিক্ষার সুন্দর পরিবেশ গড়ে তুলতে দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে একাডেমি ভবন তৈরির মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে প্রধানমন্ত্রী জোর দিয়েছেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মণিউর রহমান রাস্তা ওজ্রবাব রংপুরে ২টি শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমি ভবন উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন। এর আগে তারা গঞ্জ উপজেলার প্রায় ১০৮ ফোঁটা টাকা ব্যয়ে পল্লী উন্নয়ন একাডেমি ভবনের প্রস্তাবিত জায়গা এবং রংপুর নগরীর জেলা পরিষদের অর্থায়নে ১৮ তলা সিটি সেন্টার মার্কেটের স্থান পরিদর্শন করেন। পরে প্রতিমন্ত্রী বিয়াম ল্যাবরেটরি স্কুলের প্রশাসনিক ভবন ও রবার্টসনগঞ্জ বালিকা বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের নবনির্মিত একাডেমি ভবনের উদ্বোধন করেন। ছাত্রীদের দেয়া সংবর্ধনা অনুষ্ঠানে রাস্তা আরও বলেন, আমি রংপুরের সন্তান তাই রংপুরের উন্নয়নে যা করা প্রয়োজন তাই করব। তিনি বলেন, বর্তমান সরকার নারী শিক্ষা উন্নয়নে যুগান্তকারী পদক্ষেপ নিয়েছে। ডিগ্রি পর্যন্ত ছাত্রীদের বিনামূল্যে শিক্ষার উদ্যোগ নেয়া হয়েছে। তিনি এ বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের সার্বিক উন্নয়নে সবাইকে কাজ করার আহ্বান জানান। এ সময় উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা 'আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি মো. যমতাজ উদ্দিন আহমেদ, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা জয়ন্ত কুমার সিকদার, রংপুর প্রেস ক্লাবের সভাপতি একেএম ফজলুল হক, সাবেক সংসদ সদস্য মো. মোফাজ্জল হোসেন মাস্টার, বিয়াম ল্যাবরেটরি স্কুলের অধ্যক্ষ আহসান হাবিব, রবার্টসনগঞ্জ বালিকা বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের অধ্যক্ষ আবদুল্লাহ-হিল বাকি।